

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩০১৩(আগরতলা ১৮।০৯)  
তেলিয়ামুড়া, ১৮ সেপ্টেম্বর, ২০২৩

**ভারত স্বচ্ছতা লীগ ২.০**  
**তেলিয়ামুড়ায় স্বচ্ছতা র্যালি**

তেলিয়ামুড়া পুর পরিষদের উদ্যোগে গতকাল ভারত স্বচ্ছতা লীগ ২.০ উপলক্ষে এক স্বচ্ছতা র্যালির আয়োজন করা হয়। র্যালিতে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায় এবং অন্যান্য কাউন্সিলারগণ। এছাড়া উপস্থিত ছিলেন পুর পরিষদের ডেপুটি সিইও অমিত রায় চৌধুরী। র্যালিটি তেলিয়ামুড়া পুর পরিষদ কার্যালয় থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে আবার পুর পরিষদ কার্যালয়ে এসে শেষ হয়। র্যালিতে অংশগ্রহণ করেন তেলিয়ামুড়ার বিভিন্ন সামাজিক সংস্থার সদস্য-সদস্যাগণ, পুর পরিষদ এলাকার সাফাই কর্মীসহ বিভিন্ন স্বসহায়ক দলের সদস্যগণ। অনুরূপভাবে গতকাল তেলিয়ামুড়া আরডি ব্লক এবং তেলিয়ামুড়া মহকুমা বন দপ্তরের যৌথ উদ্যোগে দক্ষিণ হুদ্রাই ভিলেজের বড়মুড়া ইকোপার্কে ‘আবর্জনা মুক্ত ভারত’ থিম নিয়ে সাফাই অভিযান বিষয়ক অনুষ্ঠান আয়োজিত হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার বিশিষ্ট সমাজসেবী প্রসন্নহরি জমাতিয়া, মহকুমা বন আধিকারিক সুবীর কান্তি দাস, তেলিয়ামুড়া ব্লক উন্নয়ন আধিকারিক দেবপ্রিয়া দাস, সহকারি ব্লক আধিকারিক হরিপদ সরকার প্রমুখ।

\*\*\*\*\*